মেহেরপুরে কৃষক সমাবেশ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশের সংখ্যা গরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষ্যে সারাদেশে ৩ মাস ব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক সমাবেশের অংশ হিসাবে মেহেরপুর জেলার সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন কৃষকদলের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রাধাকান্তপুর কৃষকদলের আয়োজনে আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুরে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

বুড়িপোতা ইউনিয়ন কৃষকদের সভাপতি আবু সেলিমের সভাপতিত্বে প্রস্তুতি সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

মোঃ রফিকুল ইসলামের সঞ্চালনায় এসময় মেহেরপুর জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি মোঃ সেন্টু, বিএনপি নেতা মুক্তা, মণি, আমিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় সভায় স্থানীয় কৃষক নেতৃবৃন্দ এবং ইউনিয়নের কৃষকরা উপস্থিত ছিলেন। তারা কৃষকদের অধিকার রক্ষা, কৃষি খাতে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা এবং তাদের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করেন।

মুজিবনগরে জাতীয়তাবাদী কৃষকদলের কৃষক সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষে সারাদেশে ৩ মাসব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক-সমাবেশের অংশ হিসাবে মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে কৃষক-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্প্রতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের আয়োজনে পুরন্দরপুর মোড়ে কৃষকদলের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আহম্মেদের সভাপতিত্বে উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষকদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সাধারন সম্পাদক মফিজুর রহমান লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা কৃষকদলের আহব্বায়ক মাহাবুব রহমান, সদস্য সচিব মিজানুর রহমান।

এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা কৃষকদলের আহব্বায়ক আরমান আলী, সদস্য সচিব কুন্নত মিয়া, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক ইউনূচ আলী, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক হাবিবুর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের আহব্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির।

কৃষক সমাবেশে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়া বাংলার কৃষকদের উন্নয়নের জন্য যেসব কার্যক্রম করেছিলেন সেই সব উন্নয়ন মূলক তথ্য তুলে ধরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের লেখা একটি পত্র উপস্থিত কৃষকদের মাঝে পাঠ করে শোনানো হয়।

সেই সাথে তৃণমূলের কৃষকরা তাদের সমস্যার কথা, তারেক রহমানের কাছে পৌঁছিয়ে দেয়ার জন্য সমাবেশে তুলে ধরেন।

দামুড়হুদা ন্যায় বিচার পেতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

দামুড়হুদায় ন্যায় বিচার পেতে সংবাদ সম্মেলন করেছে রবিউল ইসলাম বাবলু’র পরিবার। আজ সোমবার (৯ ডিসেম্বর) সকাল ১১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন রবিউল ইসলাম বাবলু’র ছোট ছেলে

মোঃ মাসুম হোসেন।

সংবাদ সম্মেলনে জানাগেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুর কলোনী পাড়ার মোঃ আবুল কাশেম এর ছেলে মোঃ রবিউল ইসলাম বাবলু বিগত অনুমান ০২ বছর পূর্বে চুয়াডাঙ্গা সদর থানার অন্তর্গত উক্ত নতুন পাড়ার মোঃ আমির বিশ্বাস এর ছেলে মোঃ জাকির (৪২) এর কাছ থেকে দামুড়হুদা থানাধীন পরানপুর গ্রামস্থ মাঠে ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকার বিনিময়ে ০৫ বিঘা পেঁপে বাগানসহ জমি লীজ গ্রহণ করে। টাকা ফেরত প্রদান করলে সে তার জমি ফেরত নিবে মর্মে অঙ্গিকার করে স্ট্যাম্পে লিখত করে দেন। কিন্তু হঠাৎ করে দুর্বৃত্ত জাকির চুক্তিনামা থেকে আরও ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বেশি দাবী করছে। আমার পিতা দিতে অস্বীকৃত জানালে দুর্বৃত্ত জাকির সহ অজ্ঞাতনামা ১৪/১৫ জন দুর্বৃত্তরা আমাদের সামনে বলে টাকা না দিলে পেঁপে বাগান কেটে দেবো এবং বিভিন্ন স্থানে বিভিন্ন লোকজনের নিকট বলে বেড়ায় পেঁপে বাগান কেটে দেবো। এরই ধারাবাহিকভায় গত ইং ১১/০৬/২০২৩ তারিখ ভোর অনুমান সাড়ে ৬ টার দিকে আমার পিতা উক্ত পেঁপে বাগানে গেলে দেখতে পাই যে ০৪ বিঘা পেঁপে গাছ সব দুর্বৃত্তরা কেটে দিয়েছে। আমাদের পেঁপে গাছগুলিতে ধরন্ত ফল ছিল। এমতাবস্থায় আমরা খোঁজ খবর নিয়ে জানতে পারি ভোরবেলা মর্নিং ওয়ার্ক করা বেশ কয়েকজন স্বাক্ষী দেখেছে দূর্বৃত্ত জাকির সহ অজ্ঞাতনামা ১৪/১৫ জন দুর্বৃত্তরা পেঁপে বাগান কেটে হাতে হাসুয়া নিয়ে চলে যাচ্ছে। তখন স্বাক্ষীদের মাধ্যমে জানতে পারি জাকির সহ অজ্ঞাতনামারা ফসল নষ্ট করে এই জঘন্যতম কাজ করেছে।

ইহাতে আমাদের প্রায় আনুমানিক- ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার ক্ষয়-ক্ষতি হইয়াছে। ঘটনার পর স্থানীয় পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ হলে অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল এসপি) জাকিয়া সুলতানা ও দামুড়হুদা মডেল থানার তখনকার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম ঘটনার তদন্ত করে এর সত্যতা পায়। তখনকার আওয়ামী লীগের এমপি টগরের প্রভাব খাটিয়ে দূর্বৃত্ত জাকির হোসেন তখন পার পেয়ে যায়। তখন থেকেই জমি আমারা দখলে রেখে চাষাবাদ করছি। এই ঘটনা জাকিরের শ্বশুর জমির আসল মালিক দর্শনা মল্লিক পাড়ার (বর্তমানে চুয়াডাঙ্গা মল্লিক পড়ায় বসবাসরত) মৃত শামছাদী মুহুরীর ছেলে মোঃ ছাবদার হোসেন এবং জাকিরের স্ত্রী ও ছাবদার হোসেনের মেয়ে মোছাঃ নিলুফা ইয়াসমিন সহ তাদের পড়িবারের সবাই সবকিছুই জানতো। সে সময় জমির মালিক ছাবদার হোসেন উক্ত জমি তার একমাত্র জামাই জাকির কে চাষাবাদের জন্য দিয়েছিলেন। পরবর্তীতে ০৩-০৯-২০২২ ইং তারিখে জাকির

আমার পিতার কাছে উক্ত জমি বন্ধক দেয়। দীর্ঘ দিন জমির টাকা ফেরত না দেওয়ার কারনে মৌখিক ভাবে জানিয়ে নতুন করে ৩১/১০/২০২৪ ইং তারিখে দামুড়হুদা উপজেলাধীন পরানপুর গ্রামের ঝড়ু মন্ডলের ছেলে মিন্টু ও রহমান এবং কাবিল হোসেনের ছেলে ইস্তা দেনাকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকায় ভূট্টা চাষ করার জন্য লীজ প্রদান করি। কিন্তু জাকির ও তার শশুর ছাবদার উক্ত জমির বিষয়ে নিজের স্ত্রী ও মেয়ে মোছাঃ নিলুফা ইয়াসমিন কে দিয়ে গত ০২/১১/২০২৪ ইং তারিখে চুয়াডাঙ্গায় একটি সংবাদ সম্মেলন করেন ঐ জমিতে নাকি জোর পূর্বক ভুট্টার চাষ হচ্ছে।

যা সম্পূর্ণ মিথ্যা বানোয়াট ও ভিত্তিহীন। আমাদের টাকা ফেরত না দেওয়ার পায়তারায় লিপ্ত হয়েছে জাকির ও তার শ্বশুর। তারা চাই আমাদের ১৪ লক্ষ টাকা ফেরত না দিয়ে মিথ্যা তথ্য দিয়ে সংবাদ সম্মেলন করে টাকা বাদেই জমি ফেরত নিতে। মাসুম তার বক্তব্যে আরও বলেন, টাকা ফেরত না দিয়ে একের পর এক মিথ্যা অপপ্রচার মিথ্যা অভিযোগ দিয়ে আমার পিতাকে শারিরীক ভাবে অসুস্থ করে তুলেছে। আমি সাংবাদিক মহলের মাধ্যমে বলতে চাই, আমার পিতার লীজ নেওয়া জমির ১৪ লক্ষ টাকা ফেরত দিয়ে জাকির বা তার শ্বশুর তাদের জমি বুঝে নেন। আমরা আর তার জমি লীজে রাখতে চাইনা, টাকা ফেরত দিয়ে জমি ফেরত নেন। কারন আমরা যখন জমি লীজ নিই তখন সব বিষয়ে তার শ্বশুর এবং তাদের পরিবারের মানুষ জানতো। তা সত্ত্বেও তারা মিথ্যা ও বানোয়াট অভিযোগ তুলে আমার পিতা আমার পরিবারের সদস্যসহ আত্মীয়-স্বজনদেরকে সমাজের মানুষের কাছে হেয় প্রতিপন্ন করছে।

কাগজপত্র দেখে সঠিকভাবে যেন বিষয়টির সঠিক সমাধান হয় সেজন্য আমি সাংবাদিকদের মাধ্যমে প্রশাসনের সুদৃষ্টি কামনা করছি।

দর্শনা বৃদ্ধাশ্রমে সুধীজনদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা পৌর এলাকার আনোয়ারপুর হটাৎপাড়ায় অবস্থিত সিনিয়র সিটিজেন হোম (বৃদ্ধাশ্রম) সুধীজনদের সাথে এক মতবিনিময়

সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৪ টায় বৃদ্ধাশ্রমে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সামাজিকভাবে পরিবার ও সমাজ দ্বারা অবহেলিত বাবা মায়েদের পাশে থাকা নিয়ে আলোচনা করেন। বর্তমান সমাজের বাবা মায়ের গুরুত্বের বাস্তব পরিস্থিতি বিষয়টি উঠে আসে। দায়িত্ব বোধের জায়গা থেকে সমাজের সিনিয়র বাবা মায়েরা যেন অবহেলার শিকার না হয় সে ব্যাপারে আলোকপাত করা হয়েছে। বাবা মায়ের আরো দায়িত্বশীল আচরণ করার উপর সামাজিক উদ্যোগ নেয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়। প্রাথমিকভাবে বৃদ্ধাশ্রমটিতে শুধুমাত্র বাবাদের জন্য ব্যবস্থা নেয়া হয়েছে। পরবর্তীতে মায়েদের জন্যেও ব্যবস্থা রাখা হবে। বৃদ্ধাশ্রমের প্রথম সদস্য ৭০ বছর বয়সী আবু যর গিফারী তার জীবনের নানান কথা তুলে ধরেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন সিনিয়র সিটিজেন হোম (বৃদ্ধাশ্রম) এর উদ্যোক্তা মোঃ সিরাজুল ইসলাম, দর্শনা পৌর বিএনপির সমন্বয় আলহাজ্ব মশিউর রহমান, সাবেক কি রোজ কর্মকর্তা সমাজ সেবক খালেকুজ্জামান, সমাজসেবক মোঃ আসাদুজ্জামান, মহিউদ্দীন, নজরুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি হারুনুর রশীদ,সমাজসেবক তরিকুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে আল হেরা আইডিয়াল মাদ্রাসার অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

এসো জ্ঞানের আশায় ফিরে যাও দেশের সেবাই,পড় তোমার প্রভুর নামে যিনি সৃষ্টি করেছেন এ প্রতিপাদ্যে মেহেরপুরে আল হেরা আইডিয়াল মাদ্রাসার অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (৬ ডিসেম্বর) সকাল দশটার সময় মেহেরপুর সরকারি কলেজের সামনে ডা: আব্দুল সালাম ক্লিনিকে (পুরাতন) অবস্থিত মেহেরপুর আল হেরা আইডিয়াল মাদ্রাসা এ অভিভাবক সমাবেশ আয়োজন করে।

মেহেরপুরে আল হেরা আইডিয়াল মাদ্রাসার পরিচালক ডা: আব্দুল সালাম সভাপতিত্বে প্রধান অতিথি উপস্থিত ছিলেন আল হেরা আইডিয়াল মাদ্রাসার প্রধান উপদেষ্টা মাওলানা মোঃ তাজউদ্দীন খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আল হেরা আইডিয়াল মাদ্রাসা উপদেষ্টা অধ্যক্ষ মাহবুব উল আলম, আল হেরা আইডিয়াল মাদ্রাসার উপদেষ্টা ইকবাল হোসাইন,

অভিভাবক সমাবেশ স্বাগত বক্তব্য রাখেন আল হেরা আইডিয়াল মাদ্রাসার অধ্যক্ষ সোহেল রানা।

এ সময় আরো উপস্থিত ছিলেন মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম মাস্টার, মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর সোহেল রানা ডলারসহ শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা।

গাংনীতে মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

২০২৪-২৫ অর্থবছরের মৎস্য সেবা ও পরামর্শ সভায় উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠান হতে মৎস্য চাষীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়। মাছ চাষ এবং শীতকালে মাছ সংক্রান্ত বিভিন্ন রোগের প্রতিকার সম্পর্কে দিকনির্দেশনা দেয়া হয়।

কোটচাঁদপুরে বাস মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত

“আমরা স্বাধীনতা এনেছি সংস্কার আনবো” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যশোর, কালিগঞ্জ ও চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মালিক সমিতির দ্বন্দ্বে দীর্ঘ পাঁচ বছর যশোর টু চুয়াডাঙ্গা সড়কে সরাসরি বাস চলাচল বন্ধ থাকার কারণে সাধারণ মানুষের হয়রানি লাঘবের জন্য সরাসরি বাস চলাচলের দাবিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে আজ শনিবার বিকালে পৌর পাঠাগার মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজুল ইসলাম। প্রধান আলোচক পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রস্তাবিত উপদেষ্টা ও সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মুহাবিয়া হোসাইন, কালিগঞ্জ বাস মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, মহেশপুর বাস মালিক সমিতির সভাপতি এম এ ওয়াদুদ, যশোর বাস মালিক সমিতির সভাপতি মুসলিম উদ্দিন, যশোর মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি শফিউল আলম, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সভাপতি হাসান ইমাম, কালিগঞ্জ বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন তপন, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতি সাধারণ সম্পাদক মইন উদ্দিন মুক্তির, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সাইদুর রহমান, জামায়াতে ইসলামী পৌর শাখার আমির মাওলানা নজির আহমেদ, সেক্রেটারি মাওলানা আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি

মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

মতবিনিময় সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম শিলু। সে সময় সরাসরি বাস চলাচলের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা শেষে সবাইকে আশ্বস্ত করেন খুব শিগগিরই সরাসরি বাস চলাচল করবে বলে জানান নেতৃবৃন্দ। এ সময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, শিক্ষক, ছাত্র, ছাত্রী, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আমঝুপিতে এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরে পড়ারোধ ও কমিউনিটির অংশ গ্রহনে সামাজিক প্লাট ফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করে আসছে তারিধারাবাহিকতায় আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে আমদহ ও আমঝুপি ইউনিয়নের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যদের নিয়ে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি ছিলেন পৌর কাউন্সিলর আব্দুর রহিম।

স্বাগত বক্তব্যদেন প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

এ ছাড়াও সমাজসেবক আব্দুর রকিব, আজগর আলী মাস্টার, গণমাধ্যম কর্মীসহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ইউনিয়নের ৪০ জন গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

দর্শনা মেমনগরে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের শেষ সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন একাদশকে হারিয়ে কেরুজ বয়েজ ক্লাব ফাইনালে উত্তির্ণ হলো।

আজ শুক্রবার বিকালে রামাযুসের আয়োজনে মেমনগর ফুটবল মাঠে সেমিফাইনাল ম্যাচে অংশ নেয় পারকৃষ্ণপুর-মদনা একাদশ বনাম দর্শনা কেরুজ বয়েজ ক্লাব। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা একাদশকে ২-১ গোলে হারিয়ে বয়েজ ক্লাব জিতে ফাইনাল ম্যাচে উত্তির্ণ হয়েছে। খেলা পরিচালনা করেন ফৈরদৌস হাসান, মনজিত বিশ্বাস ও মোস্তাফিজুর রহমান। ধারাভাষ্যে ছিলেন, হাসান গাজি ও সবুজ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

বিশেষ অতিথি ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) আব্দুছ ছাত্তার, মহাব্যবস্থাপক (কারখানা) সুমন সাহা, মহাব্যবস্থাপক (প্রশাসন) আল ফারুক ওমর শরীফ গালিব, মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূইয়া, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) রাজিবুল হাসান, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিথা। খেলা উপভোগ করতে উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, সাবেক মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, যুগ্নসম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক ফুটবলার গিয়াস উদ্দিন পিনা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ, সাধারণ সম্পাদক আজিবর রহমান, দর্শনা ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন টুর্নামেন্ট কমিটির সভাপতি জহির রায়হান।

সার্বিক তত্বাবধানে ছিলেন, টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক লুতফর রহমান, রামাযুসের সভাপতি আব্দুস সাত্তার, স¤পাদক মোস্তাফিজুর রহমান মুক্ত।

সার্বিক সহযোগিতায় ছিলেন, কোষাধ্যক্ষ আব্দুল্লাহ, খায়রুল ইসলাম, জিয়াউর, হাসান, সাইদুর, মাসুদ, সাঈদ, আবু শামা, মাহবুল, সাইফুল, শফিকুল, জুয়েল, মঈনুল হোসেন, আনোয়ার হোসেন, আসান আলী, আশরাফুল আসান, অন্তর, ওয়াসিম, সোনা মিয়া, মাহবুব, সোহাগ ও মনিরুল। উপস্থাপনা করেন জাহান আলী ও লিংকন।

দামুড়হুদা মাদকবিরোধী র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

যে মুখে ডাকি মা সেই মুখে কখনোই মাদক না, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার উজিরপুর গ্রামে যুব সমাজের উদ্যোগে মাদকবিরোধী র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল তিনটার দিকে গ্রামের বিভিন্ন সড়কে র্যালি শেষ করে উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এস আই মেহেদী হাসান।

অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়ার্ড বিএনপি’র সভাপতি জামাল মোল্লা, সাধারণ সম্পাদক বদর মাল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক জাহিদুল ইসলাম যুগ্ন আহবায়ক জাহিদুর রহমান, উপজেলা ছাত্রদলের সিনিয় যুগ্ন আহবায়ক ইনজামামুল হক,থানা যুবদলের সদস্য শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার আব্দুল আলিম সেনাবাহিনীর সার্জেন্ট অফিসার আমিনুল ইসলাম,যুবদল নেতা হেলাল উদ্দিন, মাওলানা বিল্লাল হোসেন মাওলানা আনোয়ারুল, অবসরপ্রাপ্ত হাবিলদার আবুল কাশেম, আমিনুল ইসলাম লিয়াকত মেম্বার, রবি ।

এছাড়া উপস্থিত ছিলেন আব্দুল মজিদ, আব্দুল আলিম, আব্দুল আজিজ, মুস্তাক আহমেদ, বাপ্পি সাদিক, অভি,শান্ত,আলিফ, তরুণ, রিয়াজ,

ইমরুল, আশিকুর, ছাবিত, সাজিদ হোসাইন, রিমন, হাবিবুর,সাগর।